

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
(মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)  
ঢাকা

নং- পম/আনক্রুস(এমএইউ)/১৩০/২০১৭/৭১৬

তারিখ : ২৬ অক্টোবর ২০১৭

প্রেরক : এ কে এম মনিরুল হক  
সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : রিয়ার এ্যাডমিরাল মোঃ খুরশেদ আলম (অবঃ)  
সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ৩১ অক্টোবর - ০১ নভেম্বর ২০১৭ তারিখে ভারতের গোয়া-তে অনুষ্ঠিতব্য “Goa Maritime Conclave” শীর্ষক সভায় রিয়ার এ্যাডমিরাল মোঃ খুরশেদ আলম (অবঃ), সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অংশগ্রহণের জন্য ভারত সফরের সরকারী মঞ্জুরী।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আপনার অনুকূলে আগামী ৩১ অক্টোবর - ০১ নভেম্বর ২০১৭ তারিখে ভারতের গোয়া-তে অনুষ্ঠিতব্য “Goa Maritime Conclave” শীর্ষক সভায় রিয়ার এ্যাডমিরাল মোঃ খুরশেদ আলম (অবঃ), সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অংশগ্রহণের জন্য ভারত সফরের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছে।


০২। উল্লিখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ

ক) উক্ত সফরের সময় আপনি নিজ দপ্তরে কর্তব্যরত আছেন বলে গণ্য করা হবে এবং আপনার বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত হবেন না;

খ) সফরের বিমান টিকেট (সুলভ শ্রেণী), আবাসন এবং স্থানীয় যানবাহন সংক্রান্ত ব্যয় আয়োজক সংস্থা বহন করবে; অন্যান্য প্রয়োজনীয় ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরে বরাদ্দকৃত বাজেটের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে;

গ) উক্ত সফরের জন্য আপনি আগামী ৩০ অক্টোবর ২০১৭ তারিখে ভারত এর উদ্দেশ্যে রওয়ানা করবেন এবং কার্যশেষে ০২ নভেম্বর ২০১৭ অথবা নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।


০৩। রাষ্ট্রীয় প্রয়োজনে ও জনস্বার্থে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হ'ল।

  
২৬/১০/২০১৭  
(এ কে এম মনিরুল হক)

সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)  
দূরালোপনী: +৮৮-০২-৯৫৭৬৬৭১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক (প্রশাসন/এমএইউ/দক্ষিণ এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২) পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/অর্থ/সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) রাষ্ট্রাচার উপ-প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬) দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, নয়াদিল্লী/মুম্বাই, ভারত।
- ৭) সিনিয়র/সহকারী সচিব (সংস্থাপন-১/তহবিল/বাজেট/সাধারণ সেবা/আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট) এর দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৯) সংশ্লিষ্ট নথি।

  
২৬/১০/২০১৭  
(এ কে এম মনিরুল হক)

সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)  
দূরালোপনী: +৮৮-০২-৯৫৭৬৬৭১